**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অধ্যক্ষের কার্যালয়**
**সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ**
www.magosmanimedical.com

স্মারক নং-সিওমেক/২০২৩/ ৮৫৩৪ তারিখঃ ২৬/১১/২৩

## নিয়োগ বিজ্ঞপ্তি

সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেটস্থ রাজস্ব খাতে স্থায়ী পদে নিম্নোক্ত শূন্য পদে নিয়োগের লক্ষ্যে অস্থায়ী ভিত্তিতে প্রকৃত বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নলিখিত শিক্ষাগত যোগ্যতা ও শর্ত সাপেক্ষে http://somc.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। সরাসরি আবেদন কোন ক্রমে গ্রহণযোগ্য নয়।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১. | ড্রাইভার/গাড়ি চালক (হেভী)<br>গ্রেড-১৫,<br>বেতন স্কেলঃ ৯৭০০-২৩৪৯০/- | ০১ (এক) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) ভারী যানবাহন চালানোর বৈধ ভারী ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে।<br>গ) গাড়ী চালানোর বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। | বাংলাদেশের প্রকৃত নাগরিকগণ আবেদন করতে পারবেন। |
| ২. | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>বেতন স্কেলঃ ৮২৫০-২০০১০/- | ৩৪ (চৌত্রিশ) টি | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, সুনামগঞ্জ ও কুমিল্লা জেলার প্রার্থীগণ ব্যতীত অন্যান্য জেলার বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় বাংলাদেশের সকল জেলার প্রকৃত স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন। |
| | মোট | ৩৫ (পঁয়ত্রিশ) টি | | |

**শর্তাবলীঃ**

১. ৩০/১১/২০২৩ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারিরীক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র/কন্যা প্রার্থীর ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিড গ্রহণযোগ্য নহে।

২. আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে নূন্যতম ২১ দিনের প্রশিক্ষণ যা ৩০/১১/২০২৩ খ্রি. তারিখে পূর্বে সম্পন্ন হতে হবে এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

৩. **অনলাইনে আবেদনপত্র পুরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী-**

ক. পরীক্ষায় অংশগ্রহন ইচ্ছুক প্রার্থীগণ http://somc.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করবেন। Online এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৭/১২/২০২৩ খ্রি. সকাল ১০.০০ ঘটিকা।

খ. Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ১৫/০১/২০২৪ খ্রি. রাত ১১.৫৯ ঘটিকা পর্যন্ত উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিবেন।

গ. Online আবেদনপত্রে প্রার্থীর রঙিন ছবি (দৈর্ঘ্যঃ ৩০০ x প্রস্থঃ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্যঃ ৩০০ x প্রস্থঃ ৮০) Pixel এবং স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজঃ ১০০ kb ও স্বাক্ষরের সাইজঃ ৬০ kb হতে হবে।

ঘ. Online এ আবেদনপত্রে পুরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সব কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পুরণকৃত সব তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঙ. প্রার্থী online এ পুরণকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

চ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Applicants Preview

চলমান পাতা-২

দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থীগণ একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicants Copy পাবেন। উক্ত Applicants Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষন করবেন। Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে SMS করে বর্ণিত ক্রমিক ০১ এর জন্য পরীক্ষার ফি বাবদ ২০০ (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ২৩ (তেইশ) টাকা মোট ২২৩ (দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক ০২ এর জন্য পরীক্ষার ফি বাবদ ১০০ (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ ১২ (বারো) টাকা মোট ১১২ (একশত বারো) টাকা অনধিক ৭২ (বায়াত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য Online এ আবেদনপত্রের সকল অংশ পুরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা দেয়া না পর্যন্ত আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS: SOMC <space> User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।**

Example: SOMC ABCDEF

**Reply**: Applicants Name.TK.223/112- will be charged as application fee. Your PIN is xxxxxxxx to pay fee type SOMC <space> Yes <space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

**দ্বিতীয় SMS**: SOMC <space> Yes <space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: SOMC YES xxxxxxxx

**Reply**: Congratulations Applicants Name payment completed successfully for post name of SOMC xxxxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxxxxxxxx)

ছ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://somc.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিক ভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

জ. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র/ভ্যেনুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনঃরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে SOMC <space>Help<space>User<space>User ID & Send to 16222
Example: SOMC Help User ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে SOMC Help<space>PIN<space> PIN no & send to 16222
Example: SOMC Help PIN 12345678 & send to 16222

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে vas.query@teletalk.com.bd বা niyog.somc.gov.bd ই-মেইলে অথবা যে কোন টেলিটক নম্বর থেকে কল করুন ১২১ নম্বরে।

৪. ড্রাইভার/গাড়ি চালক (হেভী)পদে যোগ্য প্রার্থীগণ নিয়োগ বিধি মোতাবেক লিখিত পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৫. অফিস সহায়ক পদে যোগ্য প্রার্থীগণ নিয়োগ বিধি মোতাবেক লিখিত পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৬. সরকার নির্ধারিত সকল প্রকার বিশেষ কোটায় আবেদনকারী প্রার্থীগণকে ঐ কোটাসমূহের চাকুরীর যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপিসহ মূলকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৭. মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল সনদপত্রের মূলকপি অবশ্যই প্রদর্শন করতে হবে এবং পুরণকৃত Applicant's User ID সহ সকল সনদপত্রের সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া প্রার্থীর সদ্য তোলা ০১(এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। জেলার স্থায়ী বাসিন্দার প্রামাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ, অনলাইন জন্মনিবন্ধন, জাতীয় পরিচয়পত্রের ০১ (এক) সেট ফটোকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

৮. আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা কিংবা বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা এই মর্মে সংশ্লিষ্ট উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপিসহ মূলকপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৯. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারন দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

১০. নিয়োগ বিজ্ঞপ্তি পত্রিকা ছাড়াও সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজের ওয়েবসাইটে www.osmanimedical.com অথবা https://somc.college.gov.bd অথবা https://somc.edu.bd তে পাওয়া যাবে।

১১. নিয়োগ বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহার ও সংশোধনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন।

১২. শূন্য পদ পূরণে কোটা সম্পর্কিত প্রচলিত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

১৩. লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তিতে এ সংশ্লিষ্ট বিধি-বিধান কোন সংশোধন হলে তা অনুসরন করা হবে।

চলমান পাতা-৩

১৫. প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে যে কোন পর্যায়ে যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬. নিয়োগ সম্পর্কিত যে কোন সর্বশেষ তথ্য www.osmanimedical.com অথবা https://somc.college.gov.bd অথবা https://somc.edu.bd এ পাওয়া যাবে। এছাড়া QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল http://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাবলী পাওয়া যাবে।

- অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্যকোন মাধ্যম হতে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবেন না ।
- শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি সার্ভিস চার্জসহ জমা দান করতে পরামর্শ দেয়া যাচ্ছে ।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে প্রতারক চক্রের সাথে কোন প্রকার যোগাযোগ অথবা আর্থিক লেনদেন হতে বিরত থাকার জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।
- আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

অধ্যাপক ডাঃ শিশির রঞ্জন চক্রবর্ত্তী
অধ্যক্ষ
সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ
E-mail: osmanimedical@gmail.com
magomc@ac.dghs.gov.bd

**স্মারক নং-সিওমেক/২০২৩/**

**তারিখঃ**

**বিতরণ: সদয় জ্ঞাতার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭ ।
৫. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৭. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৮. পরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট।
৯. উপাধ্যক্ষ, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট
১০. পরিচালক (প্রশাসন) / পরিচালক (আর্থিক ব্যবস্থাপনা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১১. পরিচালক (মানব সম্পদ ব্যবস্থাপনা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা। উপরোক্ত বিজ্ঞপ্তিটি ডিজিএমই এর ওয়েব সাইটে প্রকাশ করার জন্য সবিনয় অনুরোধ করা হলো।
১২. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট।
১৩. জেলা প্রশাসক, সিলেট।
১৪. সিভিল সার্জন, সিলেট জেলা, সিলেট
১৫. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, গুলশান, ঢাকা।
১৬. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, সিলেট বিভাগ, সিলেট।
১৭. জেলা আনসার অ্যাডজুট্যান্ট, সিলেট।
১৮. উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট।
১৯. উপপরিচালক, জেলা সমাজ সেবা কার্যালয়, সিলেট।
২০. সম্পাদক, দৈনিক সমকাল, টাইমস মিডিয়া ভবন (৫ম তলা), ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। উপরোক্ত বিজ্ঞপ্তিটি একদিনের জন্য আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশ করে, পত্রিকা সহ বিলের তিনটি কপি অত্র কার্যালয়ে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। বিজ্ঞাপনের আকার = ২০" X ৩ কলাম।
২১. সম্পাদক, দৈনিক যুগান্তর, ২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯। উপরোক্ত বিজ্ঞপ্তিটি একদিনের জন্য আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশ করে, পত্রিকা সহ বিলের তিনটি কপি অত্র কার্যালয়ে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। বিজ্ঞাপনের আকার = ২০" X ৩ কলাম।
২২. সম্পাদক, দৈনিক সিলেটের ডাক, মধুবন সুপার মার্কেট (৫ম তলা), বন্দরবাজার, সিলেট-৩১০০। উপরোক্ত বিজ্ঞপ্তিটি একদিনের জন্য আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় প্রকাশ করে, পত্রিকা সহ বিলের তিনটি কপি অত্র কার্যালয়ে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হচ্ছে। বিজ্ঞাপনের আকার = ২০" X ৩ কলাম।
২৩. সচিব/পিএটু প্রিন্সিপাল/প্রধান সহকারী/ হিসাবরক্ষক/ক্যাশিয়ার, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ, সিলেট
২৪. নোটিশ বোর্ড
২৫. অফিস নথি

অধ্যাপক ডাঃ শিশির রঞ্জন চক্রবর্ত্তী
অধ্যক্ষ
সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ